# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮

১/ বিবিধ

আরবী

سؤر المؤمن شفاء
لا أصل له

قال الشيخ أحمد الغزي العامري في " الجد الحثيث " (رقم 168 من نسختي) : ليس بحديث، وأقره الشيخ العجلوني في " كشف الخفاء " (1 / 458)
قلت: وأما قول الشيخ على القاري في " موضوعاته " (ص 45) : هو صحيح من جهة المعنى لرواية الدارقطني في " الأفراد " من حديث ابن عباس مرفوعا: " من التواضع أن يشرب الرجل من سؤر أخيه " أي المؤمن، فيقال له كما تعلمنا منه في مثل هذه المناسبة: ثبت العرش ثم انقش! "، فإن هذا الحديث غير صحيح أيضا، وبيانه فيما بعد، على أنه لوصح لما كان شاهدا له! كيف وليس فيه أن سؤر المؤمن شفاء لا تصريحا ولا تلويحا، فتأمل

বাংলা

৭৮। মু’মিনের উচ্ছিষ্টে রয়েছে আরোগ্য।

হাদীসটির কোন ভিত্তি নেই।

শাইখ আহমাদ আল-গাযালী আল-আমেরী "আল-যাদ্দুল হাসীস" গ্রন্থে (১৬৮) বলেনঃ ليس بحديث এটি কোন হাদীস নয়। তার একথাকে শাইখ আজলুনী “কাশফুল খাফা” গ্রন্থে (১/৪৫৮) সমর্থন করেছেন ।

আমি (আলবানী) বলছিঃ শাইখ আলী আল-কারী তার “মাওযূ"আত” গ্রন্থে (পৃঃ ৪৫) বলেছেনঃ অর্থের দিক দিয়ে

হাদীসটি সহীহ্। ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসাবে “আল-আফরাদ” গ্রন্থে দারাকুতনীর নিম্নের বর্ণনার কারণেঃ

من التواضع أن يشرب الرجل من سؤر أخيه أي المؤمن

’কোন ব্যক্তি কর্তৃক তার মুমিন ভাইয়ের উচ্ছিষ্ট হতে পানি পান করা বিনয়ের অন্তর্ভুক্ত।’

কিন্তু ইবনু আব্বাস (রাঃ)-এর মারফু হাদীসটিও সহীহ নয়। তার বিবরণ একটু পরেই আসবে। যদি সহীহ্ হত তাহলেও এটি মূলহীন হাদীসের সাক্ষী [শাহেদ] হতে পারতো না। কীভাবে হবে? যাতে মুমিনের উচ্ছিষ্ট আরোগ্য স্বরূপ একথাটি না স্পষ্টভাবে আছে আর না পরোক্ষভাবে আছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন